

বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০৬/২০২১ এস সি (এডি)

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের স্বাভাবিক কার্যক্রম বন্ধ রেখে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে সীমিত পরিসরে বিচারিক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

দেশব্যাপী করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১২ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ নং প্রজ্ঞাপনমূলে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান আগামী ১৪ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখ ভোর ৬:০০ হতে ২১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখ মধ্যরাত পর্যন্ত বন্ধ রাখাসহ সার্বিক কার্যাবলি/চলাচলে সরকার কর্তৃক বিধিনিষেধ আরোপ করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের স্বাভাবিক কার্যক্রম বন্ধ রেখে জনগণের সাংবিধানিক অধিকার রক্ষার্থে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে সীমিত পরিসরে বিচারিক কার্যক্রম পরিচালনা করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ কর্তৃক বিগত ১১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিজ্ঞপ্তি নং- ৬৫১/২০২১ এস সি (এডি) এর ধারাবাহিকতায় তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের কোর্ট নং-০১ এ প্রতি রবিবার, মঙ্গলবার ও বুধস্পতিবার সকাল ৯.৩০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত বিচার কার্যক্রম সীমিত পরিসরে পরিচালিত হবে। তথ্য-প্রযুক্তি ব্যবহার করে শুধু ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে প্রতি সোমবার ও বুধবার সকাল ১১.০০ ঘটিকা হতে চেষ্টার আদালত অতীব জরুরী বিষয়ে গুনানী করবেন।

০৩। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে


স্বাক্ষরিত/-
(মোঃ বদরুল আলম ভূঞা)
রেজিস্ট্রার
আপীল বিভাগ
ফোন : ৯৫৮৮৪৮৪

স্মারক নং- ৬৭১/২০২১ এস সি (এডি)

তারিখঃ ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা.....(সকল)।
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৮. সহকারী রেজিস্ট্রার/রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০. বেঞ্চ রিডার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো)।
১১. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করবেন)।
১২. নোটিশ বোর্ড।


১৬-০৪-২০২১
(মোহাম্মদ মেহেদী হাসান)
ডেপুটি রেজিস্ট্রার
ফোন: ৯৫৬১৮৪৯